# সাত কলেজ ঢাবির অধিভুক্ত ও ৩ কর্মকর্তা গ্রেফতারে তীব্র ক্ষোভ

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিশেষ সিনেট সভা

■ গাজীপুর প্রতিনিধি

ঢাকার ৭ সরকারি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হওয়ায় এবং দুদক মামলায় তিন কর্মকর্তাকে গ্রেফতার করায় দুদকের বিরুদ্ধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিশেষ সিনেট সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়েছে। শনিবার সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে দিনব্যাপী ঐ সভা অনুষ্ঠিত হয়।

উপাচার্য ও সিনেট চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে সভায় বিশ্ববিদ্যালয়ের চাকরি বিধির কতিপয় ধারার সংশোধন প্রস্তাব অনুমোদিত হয়। এছাড়া ২১ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৫ বছর পূর্তি উপলক্ষে আনন্দঘন পরিবেশে রজতজয়ন্তী উদযাপনের সিদ্ধান্তও গৃহীত হয়।

সভায় সিনেট সদস্য বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর সিরাজউদ্দিন আহমেদ বলেন, সেশনজট দূর করে শিক্ষায় গতি আনতে গঠিত হয়েছিল জাতীয় বিশ্ববিদ্যালয়; কিন্তু হঠাৎ গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় ঢাকার শীর্ষ ৭টি সরকারি কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করে। তাছাড়া সম্প্রতি প্রক্টরসহ বিশ্ববিদ্যালয়ের তিন কর্মকর্তাকে গ্রেফতার করে দুদক। ভুল তথ্যের ভিত্তিতে এসব কারা হয়েছে। ওই দুটি ঘটনায় বিশ্ববিদ্যালয়ের সুনাম ও ভাবমূর্তি চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি এর তীব্র প্রতিবাদ জানিয়ে একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করে প্রকৃত ঘটনা তুলে ধরার প্রস্তাব করেন।

অপর সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অণুজীব বিভাগের শিক্ষক মো. আনোয়ার হোসেন বলেন, কারো প্ররোচনায় দুদক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের বিরুদ্ধে মামলা ও গ্রেফতার করেছে। তিনি এর তীব্র প্রতিবাদ জানান।

সমাপনী বক্তব্যে ভিসি হারুন-অর-রশিদ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় দেশের সর্ববৃহৎ, এমনকি বিশ্বে অন্যতম বৃহৎ শিক্ষা প্রতিষ্ঠান। বৃহৎ আয়তন বা পরিধির কারণে সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে অনেক সমস্যা রয়েছে।